

জীবন বৃত্তান্ত



জনাব জনাব মোঃ মোস্তফা কাইয়ুম ২১ অক্টোবর ১৯৬৬ সালে কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মরহুম আব্দুল ওয়াহেদ ও মাতার নাম মরহুম আফিয়া খাতুন। তিনি কান্দুঘর বি.বি.এস উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি, কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট হতে ডিপ্লোমা-ইন-কমার্স (এইচ.এস.সি), জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ হতে বি.কম (সম্মান-ব্যবস্থাপনা) ও এম.কম (ব্যবস্থাপনা) ডিগ্রি অর্জন করেন এবং সর্বশেষ ১৯৯২ সালে বাংলাদেশ 'ল' কলেজ হতে ব্যাচেলর অব 'ল' ডিগ্রি অর্জন করেন।

তিনি ৮ সেপ্টেম্বর, ১৯৮৭ সালে ব্যক্তিগত সহকারী হিসাবে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে চাকুরি জীবন শুরু করেন। পরবর্তীতে ২৮ এপ্রিল, ১৯৯৭ সালে ব্যক্তিগত কর্মকর্তা এবং ০১ নভেম্বর, ২০১২ সালে সহকারী সচিব হিসাবে পদোন্নতি পেয়ে ৯ জুন, ২০১৫ খ্রিঃ পর্যন্ত বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে সহকারী সচিব (বাজেট) হিসেবে নিষ্ঠা ও দক্ষতার সাথে অর্পিত দায়িত্ব পালন করেন। ০৩ নভেম্বর ২০১৫ খ্রিঃ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে সহকারী সচিব হিসাবে যোগদান করে অডিট শাখার দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি সিনিয়র সহকারী সচিব (অনুদান) হিসেবে এ মন্ত্রণালয়ে কর্মরত আছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ভারত ও সৌদি আরব ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং ৩ কন্যা সন্তানের জনক।